**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 NOVEMBER 2024** **7:35 AM IST**

=====================================================================

ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগ্রহণ আজ সকাল সাতটা থেকে শুরু হয়েছে । চলবে বিকেল পাঁচটা পর্যন্ত । এই ভোটগ্রহণের জন্য যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে । নির্বাচনী প্রচার অভিযানের সময়ে ব্যাপক হিংসাত্মক ঘটনা সংঘটিত হওয়া সামগুড়ি বিধানসভা কেন্দ্রের সবকটি ভোটগ্রহণ কেন্দ্রে সশস্ত্র নিরাপত্তা রক্ষী নিযুক্ত করা হয়েছে । এছাড়া অপর চারটি বিধানসভা কেন্দ্রের স্পর্শকাতর বলে চিহ্নিত ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে সশস্ত্র নিরাপত্তা বাহিনী নিয়োগ করা হয়েছে । এছাড়া নির্বাচন নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য ভ্রাম্যমান পুলিশ ও নিরাপত্তা বাহিনী ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে টহল দেবে ।

ধলাই, সিডলী, বঙাইগাও, সামগুড়ি ও বিহালী বিধানসভা কেন্দ্রে মোট এক হাজার ৭৮টি ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করা হয়েছে । এরমধ্যে ধলাইতে ২০৮টি, সিডলীতে ২৭৩টি, বঙাইগাওতে ২৪৬টি, সামগুড়িতে ১৯৭টি এবং বিহালীতে ১৫৪টি ভোটগ্রহণ কেন্দ্রের ব্যবস্থা করা হয়েছে । আজকের নির্বাচনে মোট ৩৪জন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এরমধ্যে ধলাই ও বঙাইগাও আসনে আটজন করে, সামগুড়িতে ১১জন, সিডলীতে তিনজন এবং বিহালীতে চারজন প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হয়েছেন । এই উপ-নির্বাচনর ৯ লক্ষ ১২ হাজারেরও বেশি ভোটদাতা ৩৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করবেন । এদের মধ্যে ৪লক্ষ ৫৫ হাজার ১২৪জন পুরুষ ভোটার এবং ৪ লক্ষ ৫৬ হাজার ৮৮২জন

মহিলা ভোটার ও ১৯জন তৃতীয় লিঙ্গের রয়েছেন । এই উপ-নির্বাচনে সবকটি আসনে বিজেপি-অসম গণপরিষদ-ইউ পি পি এল মিত্রজোট এবং কংগ্রেসের মধ্যে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হবে ।

ধলাই (সংরক্ষিত) আসনে আজ যাদের রাজনৈতিক ভাগ্য নির্ণয় হবে, তারা হলেন- ভারতীয় জাতীয় কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, ভারতীয় জনতা পার্টির নীহার রঞ্জন দাস এবং এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের গৌর চন্দ্র দাস এবং নির্দল প্রার্থীরা হচ্ছেন- অমলেন্দু দাস, রাজু দাস, ধীরাজ দাস, পরিমল দাস ও দিলীপ কুমার ধোবী ।

এদিকে কাছাড়ের জেলা প্রশাসন আজকের ভোটগ্রহণ পর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।  গতকাল শিলচরের রামনগর আন্তঃরাজ্য বাস টার্মিনাস থেকে ৮৩২জন ভোটকর্মী এবং ৮০জন রিজার্ভ ভোটকর্মী প্রয়োজনীয় নির্বাচনী উপকরণ নিয়ে নিজেদের গন্তব্যে পৌঁছে গেছেন । আজ এই কেন্দ্রের এক লক্ষ ৯৮ হাজার ভোটদাতা আটজন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করবেন । ধলাই বিধানসভা কেন্দ্রের আসাম-মিজোরাম সীমান্তবর্তী এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । এবারের নির্বাচনে আইরংমারা প্রাথমিক বিদ্যালয়কে একটি আদর্শ ভোটকেন্দ্র হিসেবে বাছাই করা হয়েছে যা সম্পূর্ণরূপে মহিলা ভোটকর্মীদের দ্বারা পরিচালিত । উল্লেখ্য- আজকের ভোটগ্রহণ পর্বে ভোটদাতাদের পরিচয় পত্র আনা বাধ্যতামূলক করা হয়েছে । এরমধ্যে রয়েছে- প্যান কার্ড, আধার কার্ড, ফটোযুক্ত পাসবুক, ড্রাইভিং লাইসেন্স, ফটোযুক্ত পেনশন পত্র এবং সরকারী পরিচয় পত্র সহ বারোটি নির্দিষ্ট পরিচয় পত্রের যেকোনো একটি আনলেই ভোটদান করা যাবে বলে রাজ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন ।

---

আসাম সরকার গণতান্ত্রিক প্রক্রিয়ায় সবার সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করতে ধলাই সংরক্ষিত আসন সহ রাজ্যে উপনির্বাচন অনুষ্ঠেয় পাঁচটি বিধানসভা কেন্দ্রের কর্মচারীদের জন্য আজ সবেতন ছুটি ঘোষণা করেছে

।রাজ্যপালের অনুমতি সাপেক্ষে শ্রম কল্যাণ বিভাগ এই নির্দেশ জারি করেছে ।এই সবেতন ছুটি ধলাই সহ সিদলি , বঙ্গাইগাঁও , বিহালি , এবং সামগুরি নির্বাচনী এলাকার চা বাগান , কারখানা ,বানিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠান ,ঠিকাদার প্রতিষ্ঠান ,বিনোদনমূলক স্থান ,ব্যাংকিং প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠান সব ক্ষেত্রে প্রযোজ্য হবে ।

---

সন্ত্রাসবাদী গোষ্ঠী আল-কায়দা'র ভারতের স্থিতিশীলতা বিঘ্নিত করার উদ্দেশ্যে বাংলাদেশের কয়েকটি সন্দ্রাসবাদী সংগঠনের সঙ্গে মিলে ত্রিপুরায় সন্ত্রাসমূলক কাজকর্ম করার খবরের ভিত্তিতে জাতীয় তদন্তকারী সংস্থা- এন আই এ ঐ রাজ্যের সিপাহীজলা জেলার সোনামুড়ার বেশকয়েকটি স্থানে তল্লাশি চালিয়েছে । সরকারী সূত্রে জানা গেছে যে- জাতীয় তদন্তকারী সংস্থার দলের সঙ্গে সীমান্ত সুরক্ষা বাহিনী-বি এস এফ এবং রাজ্য পুলিশের জওয়ানরা সোনামুড়া পুলিশ থানার অর্ন্তগত ইউ এন সি নগর ও এন সি নগরে তল্লাশি অভিযান চালায় । এন আই এ'র এক প্রেস বিবৃতিতে বলা হয়েছে যে- উগ্রপন্থী সংগঠন- আল কায়দার আসাম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, বিহার, জম্মু কাশ্মীর ও কর্ণাটকে কিছু সন্দেহভাজন ব্যক্তির সঙ্গে যোগাযোগ এবং তাদের সমর্থন ও তহবিল সংগ্রহের কাজের খবরের ভিত্তিতে তারা ন'টি স্থানে এই তল্লাশি চালিয়েছে । এই অভিযানে বেশকিছু আপত্তিকর নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে বলে জানানো হয়েছে । বাংলাদেশ ভিত্তিক আল কায়দা নেটওয়ার্কের সমর্থক ঐসব ব্যক্তির ঘরে তল্লাশি চালিয়ে ব্যাংকের কাগজপত্র, মোবাইল ফোন সহ অন্যান্য ডিজিট্যাল সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা ভিত্তিক খেল মহারণ দ্বিতীয় পর্যায়ের প্রতিযোগিতার প্রস্তুতির বিষয় নিয়ে গতকাল জেলা আয়ুক্তের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।খেল মহারণ কমিটির সভাপতি সুব্রত ভট্টাচার্যের পৌরহিত্যে সভায় আগামী ২০ ও ২১ শে নভেম্বর উত্তর করিমগঞ্জ বিধানসভার পৌর এলাকা ও গ্রাম পঞ্চায়েত এলাকায় অনুষ্ঠেয় প্রতিযোগিতায় অ্যাথলেটিক , ফুটবল , কাবাডি , দাবা ,সাঁতার ও পরম্পরাগত সাইকেল দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত করার জন্য বিভিন্ন খেলার মাঠ নির্বাচন করা সহ প্রতিযোগিতায় অংশগ্রহণ সম্পর্কে বিভিন্ন কর্মপন্থা স্থির করা হয় ।

---

কাঠাল রোডের রেংটি রাধামাধব আখড়ায় অধিবাসের মাধ্যমে আগামীকাল থেকে হরিনাম যজ্ঞ আরম্ভ হবে । আগামী ১৭ নভেম্বর এই যজ্ঞের সমাপ্তি হবে । এতে নদীয়া , নগাঁও সহ বরাক উপত্যকার বিভিন্ন সম্প্রদায় কীর্তন পরিবেশন করবে ।১৬ নভেম্বর দুপুর ১ টা থেকে রাত ১০ টা পর্যন্ত মহাপ্রসাদ বিতরণ করা হবে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে ।।